# বাংলাদেশে গমের পাতার মরিচা রোগ/ব্লাস্ট রোগের পরামর্শ

## ২৫-৩১ জানুয়ারী, ২০২৬

## সতর্কবার্তাঃ ০১

### মূলবার্তা

বাংলাদেশের প্রধান প্রধান গম উৎপাদিত জেলা গুলোতে সদ্য মাঠ জরিপ কার্যক্রম শুরু হয়েছে এবং জরিপে এখন পর্যন্ত কোনো রোগের উপস্থিতি নিশ্চিত করা যায়নি। শুষ্ক আবহাওয়া অব্যাহত রয়েছে এবং নিকট ভবিষ্যতে বৃষ্টিপাতের কোনো পূর্বাভাস নেই। রোগ উপযোগিতা মডেল অনুযায়ী, বাংলাদেশের অধিকাংশ অঞ্চলে পাতা মরিচা ও কাণ্ড মরিচা (stem rust) রোগের সংক্রমণ দক্ষতা মাঝারি থেকে উচ্চ পর্যায়ে রয়েছে, তবে পশ্চিম সীমান্তবর্তী এলাকাগুলোতে এই ঝুঁকি তুলনামূলকভাবে কম। উত্তর-পশ্চিম, পূর্ব ও দক্ষিণাঞ্চলে সংক্রমণের সম্ভাবনা সর্বোচ্চ হওয়ার পূর্বাভাস দেওয়া হয়েছে।

### পরামর্শ

সংবেদনশীল জাতের ক্ষেত্রে বিশেষভাবে গমের ক্ষেতে অত্যন্ত নিবিড় পর্যবেক্ষণ করার সুপারিশ করা হচ্ছে। উত্তর-পশ্চিম, পূর্ব ও দক্ষিণাঞ্চলে রোগের বিকাশের সম্ভাবনা তুলনামূলকভাবে বেশি।

নিয়মিত মাঠ পর্যবেক্ষণ (scouting) করতে হবে এবং কৃষকদের মরিচা বা ব্লাস্ট রোগের প্রাথমিক লক্ষণের ব্যাপারে সতর্ক থাকতে জানাতে হবে। কাণ্ড মরিচা (stem rust) রোগের কোনো লক্ষণ দেখা গেলে সেটির প্রতি বিশেষ গুরুত্ব দিতে হবে, কারণ ভুটান ও নেপালে মৌসুমের বাইরে এই রোগের উপস্থিতি ছিল এবং ভুটানে একটি নতুন বিদেশি (exotic) রেস শনাক্ত হয়েছে।

### সুপারিশ

কৃষকের মাঠে গমের মরিচা এবং ব্লাস্ট রোগ পরিলক্ষিত হলে প্রতিরোধক ব্যবস্থা হিসেবে কার্যকরি ছত্রাকনাশক অনুমোদিত মাত্রায় প্রয়োগ করতে হবে। প্রয়োজনীয় পরামর্শের জন্য নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা অথবা উপজেলা কৃষি অফিস অথবা বিডাব্লিউএমআরআই এর অফিসে যোগাযোগ করুন।